গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া

এবং

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া সদর, বগুড়া- এর
মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই , ২০১৮ - জুন ৩০, ২০১৯

# সূচিপত্র


| | |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| মৎস্য অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১: মৎস্য অধিদপ্তরের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্য ও কার্যাবলি | ৫ |
| সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদক সূচক ও লক্ষ্যমাত্রাসমূহ এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ৬ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী ও পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৩ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া সদর, বগুড়া**

**এবং**

**জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া**

এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৪ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এ চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## মৎস্য অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
**(Overview of Performance of the Department of Fisheries)**

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অনস্বীকার্য। বাংলাদেশের মৎস্যসম্পদের সংরক্ষণ, উৎপাদন বৃদ্ধি ও উন্নয়নে মৎস্য অধিদপ্তর প্রধান ভূমিকা পালন করে থাকে। জাতীয় জিডিপি'র ৩.৬১ শতাংশ এবং মোট কৃষিজ আয়ের ২৪.৪১ শতাংশ মৎস্য উপখাত থেকে আসে (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ২০১৭)। বিগত দশকে মৎস্যখাতে জিডিপি প্রবৃদ্ধির হার ৬ শতাংশ। দেশের রপ্তানি আয়েও এ খাত রাখছে গুরুত্বপূর্ণ অবদান। আমাদের দৈনন্দিন খাদ্যে প্রাণিজ আমিষের প্রায় ৬০ শতাংশ যোগান দেয় মাছ। বিগত তিন অর্থবছরে (২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭) মোট মৎস্য উৎপাদন ছিল যথাক্রমে ৩৬.৮৪, ৩৮.৭৮ ও ৪১.৩৪ লক্ষ মেট্রিক টন। মোট জনগোষ্ঠীর ১১ শতাংশের অধিক এ সেক্টরের বিভিন্ন কার্যক্রমে নিয়োজিত থেকে জীবিকা নির্বাহ করে। অভ্যন্তরীণ জলাশয় থেকে মৎস্য আহরণ ও উৎপাদনে বাংলাদেশ বিশ্বে যথাক্রমে ৪র্থ ও ৫ম স্থান অধিকার করেছে (এফএও, ২০১৬)।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ**

- ব্রুডস্টকের অবক্ষয়, গুণগত মানসম্পন্ন পোনা, খাদ্য ও অন্যান্য উপকরণের অপর্যাপ্ততা;
- জলাবদ্ধতা, মাছের মাইগ্রেশন বাধাপ্রাপ্ত হওয়া ও জীববৈচিত্র্য হ্রাস;
- পানি প্রবাহ হ্রাস এবং পলি জমার কারণে মাছের প্রজনন ও বিচরণক্ষেত্র বাধাগ্রস্ত হওয়া;
- গলদা ও বাগদা চাষের ক্ষেত্রে গুণগত মানসম্পন্ন ও ভাইরাসমুক্ত পিএল এবং মানসম্পন্ন খাদ্যের অভাব;
- জেলেদের মাছ ধরা নিষিদ্ধ মৌসুমে বিকল্প জীবিকায়ন সহায়তার অভাব;
- অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা অপ্রতুল; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের মজুদ নির্ণয়, স্থায়িত্বশীল আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

ভিশন ২০২১-এর আলোকে ২০২১ সালের মধ্যে-

- চাষকৃত মাছের উৎপাদন ভিত্তিবছরের (২০১২-১৩: ১৮.৬০ লক্ষ মে.টন) চেয়ে ৪৫% এবং মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন ভিত্তি বছরের (২০১২-১৩: ৯.৬১ লক্ষ মে.টন) চেয়ে ২০% বৃদ্ধিকরণ;
- ইলিশ মাছের উৎপাদন ভিত্তি বছরের (২০১২-১৩: ৩.৫১ লক্ষ মে.টন) চেয়ে ২০% এবং সামুদ্রিক মাছের উৎপাদন ভিত্তি বছরের (২০১২-১৩: ৫.৮৯ লক্ষ মে.টন) চেয়ে ১৮% বৃদ্ধিকরণ;
- স্থানীয়ভাবে মাছ ও মৎস্যজাত দ্রব্য হতে দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ ৬০ গ্রামে উন্নীতকরণ;
- হিমায়িত চিংড়ি, মাছ ও ভ্যালুঅ্যাডেড মৎস্যজাত দ্রব্য রপ্তানি করে আয় ১.২৫ বিলিয়ন ডলারে উন্নীতকরণ;
- মৎস্যচাষি/উদ্যোক্তা পর্যায়ে গুণগত মানসম্পন্ন মাছের পোনা ও খাদ্যের সরবরাহ নিশ্চিতকরণ;
- বেকার যুবকদের জন্য ভিত্তি বছর (২০১২-১৩) হতে অধিক (২৫%) কর্মসংস্থান সৃষ্টি করা;
- মৎস্যচাষি/মৎস্যজীবীদের আয় ভিত্তি বছর (২০১২-১৩) হতে ২০% বৃদ্ধিকরণ;
- মৎস্যচাষ, সমাজভিত্তিক সংগঠন ও মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানায় মহিলাদের অংশগ্রহণ ভিত্তি বছর (২০১২-১৩) হতে ২৫% বৃদ্ধিকরণ;
- আন্তর্জাতিক বাজারে মাছ ও চিংড়ি সরবরাহের প্রতিটি ধাপে উত্তম চাষ ব্যবস্থাপনা ও সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণে দেশব্যাপী ৫৬৫ হেক্টর প্রদর্শনী মৎস্য খামার স্থাপন;
- ১৬৫ হেক্টর বিল নার্সারি স্থাপন;
- ২৫০ মেট্রিক টন পোনা মাছ অবমুক্তকরণ;
- দক্ষতা উন্নয়নে ১.৩০ লক্ষ জন মৎস্যচাষি/সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান;
- গুণগত মানসম্পন্ন পোনা মাছ উৎপাদনের লক্ষ্যে পরিচালিত ৬১৫টি মৎস্য হ্যাচারির নিবন্ধণ ও নবায়ন;
- গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ১১০০টি খাদ্য নমুনা পরীক্ষা;
- মৎস্য আহরণে নিয়োজিত ১৭৫টি বাণিজ্যিক মৎস্য ট্রলার এবং ১৫৮০টি যান্ত্রিক মৎস্য নৌযানের ফিসিং লাইসেন্স প্রদান ও নবায়ন; এবং
- রপ্তানিতব্য মৎস্য ও মৎস্যপণ্যের ২৩৩০০টি নমুনা সংগ্রহ ও পরীক্ষণ এবং ১৮০০টি এনআরসিপি নমুনা পরীক্ষণ।

## সেকশন ১

## মৎস্য অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

### ১.১ রূপকল্প (Vision)

মৎস্যজাত উৎস হতে প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, দারিদ্র্য বিমোচন ও রপ্তানি আয় বৃদ্ধি।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

মৎস্য ও চিংড়িসহ অন্যান্য জলজসম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে দেশের পুষ্টি চাহিদা পূরণ ও রপ্তানি আয় বৃদ্ধি এবং অভীষ্ট জনগোষ্ঠীর অংশগ্রহণে উন্মুক্ত জলাশয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে এক্ষেত্র হতে প্রাপ্ত সুফলের মাধ্যমে দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি, তথা বাংলাদেশের আর্থসামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মৎস্য সেক্টরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

(১) টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
(২) মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;
(৩) মৎস্য রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;
(৪) মৎস্য ও মৎস্যজাত পণ্যের মাননিয়ন্ত্রণ ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

(১) দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
(২) উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
(৩) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
(৪) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন; এবং
(৫) আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions)

(১) মৎস্য আবাসস্থল উন্নয়ন ও প্রদর্শনী খামার স্থাপন;
(২) মৎস্যচাষি/উদ্যোক্তাকে পরামর্শ প্রদানও মৎস্যচাষির পুকুর পরিদর্শন;
(৩) মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান;
(৪) বিল নার্সারি স্থাপন ও পরিচালনা এবং উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ;
(৫) মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন এবং মৎস্য খাদ্য মান পরীক্ষা;
(৬) মাছ ধরার ট্রলার ও নৌযানসমূহ লাইসেন্স কার্যক্রমের আওতায় আনয়ন (নতুন/পুরাতন);
(৭) আইইউইউ (IUU) মৎস্য আহরণ রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
(৮) ইলিশ সম্পদ উন্নয়নে জেলেদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;
(৯) মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গৃহীত কার্যক্রম;
(১০) রপ্তানিতব্য মৎস্য ও মৎস্যপণ্যের কনসাইনমেন্ট পরিদর্শন এবং এনআরসিপি নমুনা পরীক্ষণ;
(১১) রপ্তানিতব্য মৎস্য ও মৎস্যপণ্যের নমুনা সংগ্রহ ও পরীক্ষণ এবং স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান;
(১২) মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ এবং বিলুপ্তপ্রায় মৎস্য প্রজাতি সংরক্ষণ;
(১৩) মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন ও অভিযান পরিচালনা; এবং
(১৪) জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তির পরীক্ষামূলক সম্প্রসারণ।

## সেকশন ২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রাসমূহ এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপন (২০১৯-২০) | প্রক্ষেপন (২০২০-২১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ * | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মৎস্য অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৬০ | [১.১] প্রদর্শনী মৎস্য খামার স্থাপন | [১.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | আয়তন (হেক্টর) | ৮.০০ | ০.৫০ | ০.৮৬ | ০.৮৪ | ০.৭৬ | ০.৬৭ | ০.৫৯ | ০.৫ | ০.৯০ | ০.৯৫ |
| | | [১.২] মৎস্য আবাসস্থল উন্নয়ন | [১.২.১] উন্নয়নকৃত এলাকা | আয়তন (হেক্টর) | ৭.০০ | ০.৬৭ | ০.৮৫ | ১.৫ | ১.৩৫ | ১.২ | ১.০৫ | ০.৯ | ১.৬ | ১.৭ |
| | | [১.৩] বিল নার্সারি স্থাপন | [১.৩.১] স্থাপিত বিল নার্সারি | আয়তন (হেক্টর) | ৫.০০ | ০.৩৮ | ০.২৫ | ০.২৫ | ০.২৩ | ০.২০ | ০.১৮ | ০.১৫ | ০.২৭ | ০.২৯ |
| | | [১.৪] উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.৪.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | পরিমাণ (মে.টন) | ৬.০০ | ০.৬৫২ | ০.৯১৫৮ | ০.৫০ | ০.৪৫ | ০.৪০ | ০.৩৫ | ০.৩ | ০.৫৫ | ০.৬০ |
| | | [১.৫] মৎস্যচাষি, মৎস্যজীবী ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান | [১.৫.১] পরামর্শ প্রদানকৃত সুফলভোগী | সংখ্যা (লক্ষ) | ৭.০০ | ২৫০ | ২৫০ | ২২৫ | ২০২ | ১৮০ | ১৫৭ | ১৩৫ | ২৪০ | ২৫০ |
| | | [১.৬] মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন | [১.৬.১] নিবন্ধনকৃত ও নবায়নকৃত হ্যাচারি | সংখ্যা | ৬.০০ | ৫ | ৫ | ৫ | ৪ | ৪ | ৩ | ৩ | ৫ | ৫ |
| | | [১.১৩] মৎস্য খাদ্য মান পরীক্ষা | [১.১৩.১] পরীক্ষিত খাদ্য নমুনা | সংখ্যা | ৬.০০ | ০ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ২ | ৩ | ৪ |
| | | [১.১৪] মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ | [১.১৪.১] ব্যবস্থাপনার আওতাধীন অভয়াশ্রম | সংখ্যা | ৭.০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | [১.১৫] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.১৫.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ৬.০০ | ২৪ | ২২ | ২৮ | ২৫ | ২২ | ২০ | ১৭ | ২৯ | ৩০ |
| | | [১.১৬] জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তির সম্প্রসারণ | [১.১৬.১] সম্প্রসারিত প্রযুক্তি | সংখ্যা | ২.০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| [২] মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১৫ | [২.১] মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় সুফলভোগী সম্পৃক্তকরণ | [২.১.১] সম্পৃক্ত সুফলভোগী | সংখ্যা | ৫.০০ | ১০০ | ১৩০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২১০ | ২২০ |
| | | [২.২] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | [২.২.১] সম্পৃক্ত সুফলভোগী | সংখ্যা | ০.০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | [২.৩] মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগী | সংখ্যা (লক্ষ) | ১০.০০ | ২৩৭ | ৩০০ | ৩২৫ | ২৯২ | ২৬০ | ২২৭ | ১৯৫ | ৩৪০ | ৩৫০ |
| [৩] মৎস্য রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ৫ | [৩.১] রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [৩.১.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | সংখ্যা | ৭.০০ | ৯ | ৯ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| মোট | ৮০ | | | | ৮০ | | | | | | | | | |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান: ২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা ** | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত*** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত**** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়ন জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডশীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান: ২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

*সাময়িক
** জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
***মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।
****মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া সদর, বগুড়া; উপপরিচালক, জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া; সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া সদর, বগুড়া এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে রাজশাহী জেলাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৪.০৬.২০১৮ খ্রি

**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা**
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর,
বগুড়া সদর, বগুড়া।

তারিখ

১৪/০৬/১৮

**জেলা মৎস্য কর্মকর্তা,**
বগুড়া।

তারিখ

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | এআইজি | অলটারনেটিভ ইনকাম জেনেরেটিং |
| ২ | বিএফআরআই | বাংলাদেশ ফিসারিজ রিসার্চ ইনস্টিটিউট |
| ৩ | বিএফডিসি | বাংলাদেশ ফিসারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ৪ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিক্স |
| ৫ | ডিওএফ | ডিপার্টমেন্ট অব ফিসারিজ |
| ৬ | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো |
| ৭ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেন |
| ৮ | এফআইকিউসি | ফিস ইন্সপেকসন এন্ড কোয়ালিটি কন্ট্রোল |
| ৯ | জিডিপি | গ্রস ডমেস্টিক প্রডাক্ট |
| ১০ | আইইউইউ | ইল্লিগ্যাল, আনরিপোর্টেড এন্ড আনরেগুলেটেড |
| ১১ | আইইউসিএন | ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অব নেচার |
| ১২ | এলজিইডি | লোকাল গভর্নমেন্ট এন্ড ইন্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ১৩ | এমওএফএল | মিনিস্ট্রি অব ফিসারিজ এন্ড লাইভস্টক |
| ১৪ | এমএমও | মার্কেন্টাইল মেরিন অফিস |
| ১৫ | এনজিও | নন গভর্নমেন্ট অর্গানাইজেশন |
| ১৬ | এনআরসিপি | ন্যাশনাল রেসিডিউ কন্ট্রোল প্লান |

# কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] প্রদর্শনী মৎস্য খামার স্থাপন | [১.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | মৎস্যসম্পদের উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উদ্ভাবিত নতুন প্রযুক্তিচাষি পর্যায়ে জনপ্রিয় করার উদ্দেশ্যে প্রদর্শনী পরিচালনা করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] মৎস্য আবাসস্থল উন্নয়ন | [১.২.১] উন্নয়নকৃত এলাকা | বাংলাদেশের সর্বত্র প্রাকৃতিক ও মানবসৃষ্ট অনেক জলাশয় রয়েছে যা সময়ের আবর্তে জলবায়ু পরিবর্তন এবং বিভিন্ন প্রাকৃতিক কারণে (জলোচ্ছাস, বন্যা, জোয়ার ভাটা ইত্যাদি) প্রায় ভরাট হয়ে গিয়েছে অথবা মাছের বাসস্থানের অনুপযোগী হয়ে পড়েছে। এসকল জলাশয় সংস্কারের মাধ্যমে মাছ চাষের/মাছের বাসস্থানের উপযোগী করা। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] বিল নার্সারি স্থাপন | [১.৩.১] স্থাপিত বিল নার্সারি | উন্মুক্ত বা আধাবদ্ধ জলাশয়ের মাঝে অবস্থিত বিলে মাছের পোনা প্রতিপালন করা হয়। এ সমস্ত বিল বর্ষায় প্লাবিত হয়ে প্রতিপালিত পোনাসমূহ জলাশয়ের সর্বত্র ছড়িয়ে পড়ে। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.৪.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | বর্ষাপ্লাবিত ধানক্ষেতে, প্লাবনভূমি ও মরা নদীতে বর্ষা মৌসুমে মাছের পোনা অবমুক্ত করে মাছের উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদান করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] মৎস্যচাষি, মৎস্যজীবী ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান | [১.৫.১] পরামর্শ প্রদানকৃত সুফলভোগী | মৎস্যচাষি/মৎস্যখামারী/উদ্যোক্তা/মৎস্য খাদ্য উৎপাদনকারী/মৎস্য হ্যাচারি অপারেটর ইত্যাদি মৎস্য উৎপাদনে জড়িত সুফলভোগীগণকে চাহিদা মোতাবেক কারিগরি/তথ্যগত সহায়তা প্রদান করা হয়ে থাকে এবং প্রযোজ্য ক্ষেত্রে খামার পরিদর্শন করে পরামর্শ প্রদান করা হয়ে থাকে | মৎস্য অধিদপ্তর | রেজিস্টার যাচাই ও প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন | [১.৬.১] নিবন্ধনকৃত ও নবায়নকৃত হ্যাচারি | মৎস্য হ্যাচারি আইন, ২০১০ এবং মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ মোতাবেক মৎস্য বীজ উৎপাদনে জড়িত প্রতিষ্ঠানসমূহের নিবন্ধিতকরণ এবং বছরান্তে নবায়ন করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও নিবন্ধণ রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.১৩] মৎস্য খাদ্য মান পরীক্ষা | [১.১৩.১] পরীক্ষিত খাদ্য নমুনা | মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১ মোতাবেক মানসম্মত মৎস্য খাদ্য উৎপাদনের স্বার্থে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ হতে সংগৃহিত মৎস্যখাদ্য নমুনার পুষ্টিমান যাচাই করার লক্ষ্যে | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| | | অনুমোদিত গবেষণাগারে প্রেরণ করা হয়। | | | |
| [১.১৪] মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ | [১.১৪.১] ব্যবস্থাপনার আওতাধীন অভয়াশ্রম | জলাশয়ের গভীরতম অংশে ঝোপঝাড় স্থাপন করে বা জলাশয়ের নির্দিষ্ট অংশে সাময়িক বা স্থায়ীভাবে মাছ আহরণ থেকে বিরত রেখে মাছের বংশ বৃদ্ধি তথা জীববৈচিত্র্য রক্ষায় কার্যকর ভূমিকা রাখা | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.১৫] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.১৫.১] পরিচালিত অভিযান | জাটকা ও মা ইলিশ সংরক্ষণকল্পে প্রতি বছর আহরণ নিষিদ্ধ সময়ে নদ-নদী, হাট-বাজার, আড়ত, পরিবহন কাজে সংশ্লিষ্ট যানসমূহে নৌবাহিনী, কোস্টগার্ড, র‍্যাব, পুলিশ, নৌপুলিশের সহায়তায় নিয়োজিত অভিযান ও নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [১.১৬] জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তির সম্প্রসারণ | [১.১৬.১] সম্প্রসারিত প্রযুক্তি | পরিবেশবান্ধব ও জলবায়ু সহনশীল মৎস্যচাষ প্রযুক্তির পরীক্ষামূলক সম্প্রসারণ | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় সুফলভোগী সম্পৃক্তকরণ | [২.১.১] সম্পৃক্ত সুফলভোগী | জলাশয় সংস্কারের সাথে সম্পৃক্ত সুফলভোগী উন্নয়নকৃত জলাশয়ে মাছ চাষে/জলাশয় ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত হয়ে আর্থ-সামাজিক উন্নয়ন করতে সক্ষম হচ্ছে। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা, রেজিস্টার পরীক্ষণ ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | [২.২.১] সম্পৃক্ত সুফলভোগী | মৎস্য অধিদপ্তরের আওতায় গৃহীত বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গৃহীত কার্যক্রমে সম্পৃক্ত হয়ে স্থানীয় সুফলভোগীগণ তাদের আর্থ-সামাজিক উন্নয়ন করতে সক্ষম হচ্ছে। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগী | বিভিন্ন প্রজাতির মৎস্যচাষ প্রযুক্তি, আহরণ, বিপণন, সংরক্ষণ, জলাশয় ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [৩.১.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | মৎস্যচাষি/মৎস্যখামারী/উদ্যোক্তা/মৎস্য খাদ্য উৎপাদনকারী/মৎস্য হ্যাচারি পরিচালনাকারী ইত্যাদি মৎস্য উৎপাদনে জড়িত সুফলভোগীগণকে চাহিদা মোতাবেক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান। | মৎস্য অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা ও রেজিস্টার পরীক্ষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মৎস্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ভূমি মন্ত্রণালয়/ জেলা/ উপজেলা প্রশাসন | [১.২] মৎস্য আবাসস্থল উন্নয়ন | [১.২.১] উন্নয়নকৃত এলাকা | অনাপত্তি সার্টিফিকেট | খাস জলাশয় ভূমি মন্ত্রণালয়ের অধীনে থাকায় জলাশয় উন্নয়ন ও মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠার জন্য ভূমি মন্ত্রণালয়/ জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের অনাপত্তি সার্টিফিকেট প্রয়োজন | অনাপত্তি সার্টিফিকেট না পেলে প্রয়োজনীয় পরিমাণ মৎস্য আবাসস্থল উন্নয়ন, মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠা ও ব্যবস্থাপনা সম্ভব হবে না ফলে লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত হবে না। |
| | [১.১৪] মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ | [১.১৪.১] ব্যবস্থাপনার আওতাধীন অভয়াশ্রম | | | |
| মন্ত্রী পরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | [১.১৫] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.১৫.১] পরিচালিত অভিযান | সহযোগিতা অব্যাহত থাকা অথবা বৃদ্ধি পাওয়া | প্রশাসন ও পুলিশ বিভাগের অংশগ্রহণ আবশ্যক। প্রশাসন ও পুলিশ বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া গেলে অধিক সংখ্যায় অভিযান পরিচালনা করা যাবে। | প্রশাসন ও পুলিশ বিভাগের কাঙ্ক্ষিত অংশগ্রহণ নিশ্চিত না হলে অভিযানের পরিমাণ হ্রাস পাবে। |
| অর্থ মন্ত্রণালয় | [১.১৪] মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ | [১.১৪.১] ব্যবস্থাপনার আওতাধীন অভয়াশ্রম | সঠিক সময়ে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান | জাটকা ও মা ইলিশ সংরক্ষণ তথা ইলিশ সম্পদের উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকায় এতদসংক্রান্ত মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করার প্রয়োজন হয়। এক্ষেত্রে মোবাইলকোর্ট পরিচালনায় নির্বাহী ম্যাজিস্ট্রেট ও অভিযান পরিচালনায় সংশ্লিষ্ট সংস্থাসমূহের সহযোগিতা প্রয়োজন হয়। | প্রয়োজনীয় বাজেট বরাদ্দ এবং প্রশাসন ও সংশ্লিষ্ট সংস্থাসমূহের কাঙ্ক্ষিত অংশগ্রহণ নিশ্চিত না হলে মোবাইল কোর্ট ও অভিযানের পরিমাণ হ্রাস পাবে। ফলে মনিটরিং ব্যবস্থা বিপযয় এর মধ্যে পড়বে এবং জেলেরা অবাধে জাটকা ও মা ইলিশ ধরা অব্যাহত রাখবে। ফলে ইলিশ সম্পদ উন্নয়নে সরকারের বর্তমান সাফল্যের ওপর নেতিবাচক প্রভাব পড়বে। |
| নৌবাহিনী/কোস্টগার্ড/ বাংলাদেশ পুলিশ/ নৌপুলিশ/ র‍্যাব/জেলা ও উপজেলা প্রশাসন | [১.১৫] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন<br>[৪.৫] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [১.১৫.১] পরিচালিত অভিযান<br>[৪.৫.১] পরিচালিত অভিযান | সহযোগী সংস্থা থেকে প্রয়োজনীয় সাপোর্ট | | |